

অর্থাত্বাবে হাওরবেষ্টিত সুনামগঞ্জের মেধাবী কোনো শিক্ষার্থীর যেন পড়াশোনা বন্ধ না হয়, সেই লক্ষ্যে 'সুনামগঞ্জ জেলা প্রশাসন কল্যাণ ট্রাস্ট' নামে শিক্ষায় সেবামূলক ট্রাস্ট গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিক্ষার উন্নয়নে এই উদ্যোগ নিয়েছেন জেলা প্রশাসক জাহাঙ্গীর হোসেন।

advertisement

স্থানীয় রাজস্ব তহবিল থেকে দেওয়া এককালীন অনুদানের বড় অঙ্কের টাকা দিয়ে এই ট্রাস্টের সূচনা হবে আজ বুধবার। সিলেটের বিভাগীয় কমিশনার ড. মুহাম্মদ মোশাররফ হোসেন আজ বুধবার বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ৫০ অদম্য মেধাবী ও দুষ্ট-অসহায় দুরারোগ্য ব্যাধিগ্রন্তকে ১০ হাজার টাকা করে সহায়তা দেওয়ার মাধ্যমে ট্রাস্টের উদ্বোধন করবেন।

advertisement 4

দেশের যে কোনো প্রতিষ্ঠানে অধ্যয়নরত সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা অদম্য মেধাবীরা এই ট্রাস্ট থেকে সহায়তা পাবেন। এই ট্রাস্ট থেকে প্রাণ্ড সহায়তা কালেক্টরেটের কর্মকর্তা-কর্মচারীর সন্তান-সন্ততিদের জন্য ৫০ শতাংশ সংরক্ষিত থাকবে। ট্রাস্টের একমাত্র উপদেষ্টা সিলেটের বিভাগীয় কমিশনার, সভাপতি সুনামগঞ্জের জেলা প্রশাসক, সদস্যসচিব অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কোষাধ্যক্ষ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)। ট্রাস্টের সদস্য সংখ্যা বিভিন্ন শ্রেণি-পোশার ২৪ জন। উপকারভোগী বাছাইয়ের জন্য রয়েছে আলাদা কমিটি। জেলা প্রশাসক জাহাঙ্গীর হোসেন বলেন, 'ট্রাস্ট'-এর যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে। আজ বিভাগীয় কমিশনার স্যার ট্রাস্ট থেকে ৩১ অদম্য মেধাবীকে শিক্ষাসহায়তা ও ১৯ দুষ্ট-অসহায় দুরারোগ্য ব্যাধিগ্রন্তের হাতে ১০ হাজার টাকা করে নগদ অর্থসহায়তা তুলে দেবেন।'

25
Shares